শেষের পাতা

সংবাদের সাথে প্রতিমুহূর্ত

দৈনিক

আমার বার্তা

The Daily Amar Barta

আজ সোমবার | ঢাকা ■ ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ ■ ৮ জিলক্বদ ১৪৪৭ হিজরি | ২৭ এপ্রিল ২০২৬

সক্ষমতা শেষ, তবুও চলছে বর্জ্য ফেলা

নিজস্ব প্রতিবেদক

সক্ষমতার সীমা অনেক আগেই পেরিয়ে গেছে রাজধানীর দুই প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র আমিনবাজার ও মাতুয়াইলের, তবুও থামছেনা ময়লা ফেলা। প্রতিদিন নতুন বর্জ্যের চাপ বাড়ছে, আর তার প্রভাব পড়ছে আশপাশের পরিবেশ, জনস্বাস্থ্য ও নগরজীবনে। কোথাও জায়গা ফুরিয়ে স্তূপ উঁচু হচ্ছে, কোথাও আবার বর্জ্য পোড়ানোর ধোঁয়ায় দুর্ভোগে পড়ছেন স্থানীয়রা।

রাজধানীর উত্তর ও পশ্চিম অংশের বড় একটি এলাকার বর্জ্য এখনো আমিনবাজার ল্যান্ডফিলে নেওয়া হচ্ছে। বাসাবাড়ি, বাজার, অফিস-আদালত ও বাণিজ্যিক প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা ময়লা বিভিন্ন সেকেন্ডারি ট্রান্সফার স্টেশন ঘুরে শেষ পর্যন্ত জমা হচ্ছে সেখানে। প্রতিদিন বিপুল সংখ্যক ট্রাক ঢুকছে এ কেন্দ্রে। কিন্তু সংশ্লিষ্টদের মতে, নির্ধারিত ধারণক্ষমতা বহু আগেই শেষ হয়েছে।

এখন সেখানে বর্জ্যের স্তূপ অস্বাভাবিকভাবে উঁচু হয়ে উঠেছে। কোথাও কোথাও তা নিরাপদ সীমার অনেক ওপরে চলে গেছে। এতে ধস, আগুন কিংবা দুর্ঘটনার আশঙ্কা বাড়ছে। দীর্ঘদিন জমে থাকা বর্জ্য থেকে মিথেনসহ বিভিন্ন গ্যাস বের হচ্ছে, যা পরিবেশের পাশাপাশি জলবায়ুর জন্যও ক্ষতিকর।

বিশেষজ্ঞরা বলছেন, এ ধরনের ল্যান্ডফিল দীর্ঘসময় অতিরিক্ত ব্যবহার করলে মাটির নিচেও ক্ষতি হয়। বর্জ্য থেকে তৈরি তরল পদার্থ আশপাশের জলাধার কিংবা ভূগর্ভস্থ পানিতে মিশে যেতে পারে। এতে পানি দূষণের ঝুঁকি তৈরি হয়।

রাজধানীর দক্ষিণ-পূর্ব অংশে থাকা মাতুয়াইল ল্যান্ডফিলের অবস্থাও উদ্বেগজনক। স্থানীয়দের অভিযোগ, সেখানে নিয়মিত বিভিন্ন ধরনের বর্জ্য পোড়ানো হয়। প্লাস্টিক, পলিথিন ও মিশ্র আবর্জনা পোড়ালে ঘন কালো ধোঁয়া তৈরি হয়, যা বাতাসে ছড়িয়ে আশপাশের আবাসিক এলাকায় পৌঁছে যায়।

বাসিন্দাদের দাবি, অনেক সময় ঘরের জানালা-দরজা বন্ধ রেখেও ধোঁয়া ও দুর্গন্ধ ঠেকানো যায় না। বিশেষ করে শুষ্ক মৌসুমে ধুলাবালি, পোড়া বর্জ্যের ধোঁয়া এবং দূষিত বাতাস একসঙ্গে মিলে পরিস্থিতিকে আরও খারাপ করে তুলছে।

পরিবেশবিদদের মতে, ঢাকার বায়ুদূষণের পেছনে যানবাহনের

● পৃষ্ঠা ২ কলাম ১

আজ যশোর সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

গত ২ ফেব্রুয়ারি যশোর সফর করেছিলেন তারেক রহমান। তখন দলীয় প্রধান হিসেবে নির্বাচনী কর্মসূচিতে অংশ নিতে এসেছিলেন। বলেছিলেন, আপনারা (দেশের জনগণ) বিএনপিকে ভোট দিয়ে ক্ষমতায় নিয়ে গেলে যশোরের উন্নয়নে সম্ভাব্য সকল কিছু করা হবে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের হাতে খনন করা ঐতিহাসিক উলাশী খাল পুনঃখনন করে কৃষির উন্নয়ন ঘটানো হবে। যশোর মেডিকেল কলেজে ৫০০ শয্যার হাসপাতাল নির্মাণ করা হবে। সময়ের ব্যবধানে মাত্র তিন মাসও পূরণ হয়নি। ১২ ফেব্রুয়ারির ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিপুল বিজয় উপহার দিয়ে দেশবাসী তারেক রহমানের নেতৃত্বে

● পৃষ্ঠা ২ কলাম ১

তিস্তা প্রকল্পে সুফল পাচ্ছেন ১০ লাখ কৃষক

নিজস্ব প্রতিবেদক

উত্তরের চার জেলার কৃষকদের জন্য তিস্তা সেচ প্রকল্প আশীর্বাদ হয়ে উঠেছে। জ্বালানি তেল ও বিদ্যুৎ সমস্যায় যখন ভুগছিলেন কৃষকরা তখন তাদের আশীর্বাদ হয়ে উঠেছে এই সেচ প্রকল্প। নির্বিঘ্নে পানি পাওয়ায় উৎপাদন বাড়ার প্রত্যাশা করছেন কৃষকরা। চলমান বোরো মৌসুমে জ্বালানি তেল ও বিদ্যুৎ বিভ্রাটে দেশের অনেক স্থানে সেচ কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। আর এই সেচ প্রকল্পের মাধ্যমে প্রায় ৬০ কোটি টাকার ডিজেল সাশ্রয় হচ্ছে বলে জানান পানি উন্নয়ন বোর্ড (পাউবি) রংপুর অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মিজানুর রহমান।

তবে উত্তরের নীলফামারী, দিনাজপুর, বগুড়া ও রংপুর এ ৪ জেলায় কোনো ধরনের বাড়তি বিড়ম্বনা ছাড়াই তিস্তা সেচ প্রকল্পের পানি ব্যবহার করে নিরবচ্ছিন্নভাবে বোরো আবাদ চালিয়ে যাচ্ছেন প্রায় ৪ জেলার ১০ লাখ কৃষক। ডিজেল ও বিদ্যুৎচালিত সেচের তুলনায় সাশ্রয়ী ও মাটির উর্বরতা বৃদ্ধিতে সহায়ক হওয়ায় প্রতি বছরই এ প্রকল্পের দিকে ঝুঁকছেন কৃষকরা। ফলে প্রতিবছরই বাড়ছে আবাদি জমির সংখ্যা। যদি তিস্তা খনন করে এই ক্যানেলগুলোর পানি প্রবাহ স্বাভাবিক করা হয়, তাহলে উৎপাদন বাড়বে আরও কয়েক গুণ বলে দাবি কৃষকদের।

রংপুর পানি উন্নয়ন বোর্ডের উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার (কমি.ডেভো) কার্যালয় সূত্রে জানা গেছে, চলতি (২০২৫-২৬) বোরো মৌসুমে উত্তরের চার জেলার মোট ১২ উপজেলার ৫০ হাজার হেক্টর জমি তিস্তা সেচ প্রকল্পের আওতায় এসেছে। প্রকল্পের আওতায় নীলফামারী জেলার পাঁচটি উপজেলায় (সদর, ডিমলা,

● পৃষ্ঠা ২ কলাম ২

সেলিমা রহমানের বছরে আয় ৩৬ লাখ মোট সম্পদ ছয় কোটির বেশি

নিজস্ব প্রতিবেদক

বাড়ি ভাড়া, শেয়ার ও ব্যাংক আমানত থেকে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমানের বার্ষিক আয় হয় ৩৬ লাখ টাকার বেশি। তার মোট সম্পদের পরিমাণ ছয় কোটি টাকার বেশি। নির্বাচন কমিশনে (ইসি) তার জমা দেওয়া হলফনামা থেকে এ তথ্য পাওয়া গেছে। ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচনে ৪৯ জন প্রার্থীর মধ্যে সবেচেয়ে বেশি সম্পদ রয়েছে বিএনপির জেষ্ঠ্য এই নেত্রীর। হলফনামায় উল্লেখ করা তথ্য থেকে জানা

● পৃষ্ঠা ২ কলাম ২

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপনের সঙ্গে সচিবালয়ে তার দপ্তরে গতকাল রোববার তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেন সৌজন্য সাক্ষাৎ করেন

–আমার বার্তা

জ্বালানি সঙ্কট সমাধানে ১০ সদস্যের কমিটির মেয়াদ ৩০ দিন

নিজস্ব প্রতিবেদক

মধ্যপ্রাচ্যে চলমান সংকটের প্রভাবে দেশে তৈরি হওয়া জ্বালানি সংকট মোকাবিলায় সরকার ও বিরোধী দলের ১০ সদস্যের একটি কমিটি গঠনের প্রস্তাব জাতীয় সংসদে পাস হয়েছে। কমিটির মেয়াদ গঠনের বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৩০ দিন নির্ধারণ করা হয়েছে।

গতকাল রোববার বিকেলে জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে কমিটি গঠনের প্রস্তাবটি উত্থাপন করেন চিফ হুইপ নূরুল ইসলাম।

তিনি বলেন, সাম্প্রতিক জ্বালানি সংকট মোকাবিলায় গঠিত কমিটি সুপারিশসহ সংসদে প্রতিবেদন দেবে। সরকার ও বিরোধী দল মিলিতভাবে জাতীয় সংসদে কমিটি গঠনের এমন নজির বিরল। এর

● পৃষ্ঠা ২ কলাম ২

ক্ষমতার অপব্যবহারের অভিযোগ বিসিকের জিএম হাফিজুরের বিরুদ্ধে

মোস্তফা সারোয়ার

সরকারের প্রচলিত নিয়ম নীতি ভংগ করে ক্ষমতার অপব্যবহার ও এখতিয়ার বহির্ভূত কাজ করার অভিযোগ উঠেছে বিসিকের প্রকল্প পরিচালক মোঃ হাফিজুর রহমানের বিরুদ্ধে। বর্তমানে কর্মরত বিসিকের ক্যামিকেল শিল্প পার্ক, মুন্সীগন্জ শীর্ষক প্রকল্পের পিডি। আওয়ামী দোসর হাফিজুর রহমানসহ বেআইনী কাজের সাথে যুক্তদের বিরুদ্ধে কোন প্রকার ব্যবস্হা না নিয়ে বিসিক চেয়ারম্যান তাদেরকে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে পুরস্কৃত করে চলেছেন।

যার কারণে প্রতিটি ক্ষেত্রে আইন বহির্ভূত কাজের মাত্রা দিনকে দিন বেড়েই চলেছে। সরকারের সুস্পষ্ট নির্দেশনা আছে ৫০ কোটি টাকার অধিক ব্যয় সম্বলিত প্রকল্পের পিডি প্রকল্পের পূর্ণকালীন পিডি

● পৃষ্ঠা ২ কলাম ২

সাবেক শিক্ষা উপমন্ত্রী গোলাম সারোয়ার মিলনের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

সাবেক শিক্ষা উপমন্ত্রী গোলাম সারোয়ার মিলন মারা গেছেন। গতকাল রোববার ফজরের নামাজের পর ঢাকায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তার বয়স হয়েছিল ৬৯ বছর। গোলাম

● পৃষ্ঠা ২ কলাম ৩

প্রধান তথ্য কর্মকর্তা হলেন সাংবাদিক সৈয়দ আবদাল আহমদ

নিজস্ব প্রতিবেদক

তথ্য অধিদপ্তরের প্রধান তথ্য কর্মকর্তা হিসেবে নিয়োগ পেয়েছেন সাংবাদিক সৈয়দ আবদাল আহমদ।

● পৃষ্ঠা ২ কলাম ৩

বিশ্বে ডিজিটাল প্ল্যাটফর্মকে শৃঙ্খলার মধ্যে আনতে তুরস্কের সহযোগিতা চাইলেন তথ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

বর্তমান বিশ্বে ডিজিটাল প্ল্যাটফর্মকে একটি নিয়ম-নীতি ও শৃঙ্খলার মধ্যে আনতে তুরস্কের কাছে সহযোগিতা চাওয়া হয়েছে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। গতকাল রোববার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে নিজ দপ্তরে বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস সেনের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ সহযোগিতা চান।

সাক্ষাতে দুদেশের পারস্পরিক সম্পর্ক জোরদার এবং গণমাধ্যম, সংস্কৃতি ও জ্ঞানভিত্তিক সহযোগিতা বৃদ্ধি নিয়ে আলোচনা হয়। তথ্যমন্ত্রী গত মার্চে স্ট্রাটেজিক কমিউনিকেশন সামিটে অংশগ্রহণের স্মৃতিচারণ করে বলেন, স্ট্রাটেজিক কমিউনিকেশন সামিটের আয়োজন অত্যন্ত সময়োপযোগী উদ্যোগ। চমৎকার এ আয়োজনের জন্য তিনি তুরস্ক সরকারকে ধন্যবাদ জানান।

তথ্যমন্ত্রী বলেন, বর্তমান বিশ্বে ডিজিটাল প্ল্যাটফর্মকে একটি নিয়ম-নীতি ও শৃঙ্খলার মধ্যে আনা জরুরি। একক কোনো দেশের পক্ষে তা সম্ভব নয়, এক্ষেত্রে সব দেশকে সম্মিলিতভাবে এগিয়ে

● পৃষ্ঠা ২ কলাম ৩

হামলার শিকার জামায়াতের এমপি নিরাপত্তা চাইলেন সংসদে

নিজস্ব প্রতিবেদক

সংসদে নিরাপত্তা চাইলেন হামলার শিকার নেত্রকোনা-৫ আসনের জামায়াতে ইসলামীর সংসদ সদস্য মাছুম মোস্তফা। সেইসঙ্গে তিনি তার গাড়িতে হামলার সঙ্গে জড়িত আসামিদের গ্রেপ্তারের দাবি জানান।

গতকাল রোববার জাতীয় সংসদের অধিবেশনে অনির্ধারিত আলোচনায় মাছুম মোস্তফা এ দাবি জানান।

এসময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ অধিবেশনে সভাপতিত্ব করেন।

● পৃষ্ঠা ২ কলাম ১

বিশ্ব মেধাস্বত্ব দিবস-২০২৬ উদ্‌যাপন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

উচ্চশিক্ষাকে বৈশ্বিক মানদণ্ডে উন্নীত করতে সমন্বিত উদ্যোগের বিকল্প নেই

নিজস্ব প্রতিবেদক

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, দেশের উচ্চশিক্ষাকে উন্নত বিশ্বের আদলে সাজাতে এবং উদ্ভাবনী মেধাসম্পদ রক্ষায় বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট সকল অংশীজনের সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলোকে কেবল ডিগ্রি প্রদানের মাধ্যম না বানিয়ে 'সেন্টার অব এক্সিলেন্স' হিসেবে গড়ে তুলতে হবে। একই সঙ্গে গবেষণার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে।

গতকাল রোববার সকালে রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) অডিটোরিয়ামে 'বিশ্ব মেধাস্বত্ব দিবস-২০২৬' উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। 'বিশ্ব মেধাস্বত্ব দিবস-২০২৬'-এর এবারের প্রতিপাদ্য 'আইপি অ্যান্ড স্পোর্টস: রেডি, সেট, ইনোভেট'।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, আন্তর্জাতিক মেধাস্বত্ব সূচকে আমরা পিছিয়ে আছি। আমাদের উদ্ভাবন ও সৃজনশীলতা যেন অন্য দেশে গিয়ে নিবন্ধিত না হয়, সেদিকে সজাগ থাকতে হবে। মেধাস্বত্ব নিবন্ধনের প্রশাসনিক জটিলতা কমিয়ে উদ্ভাবকদের উৎসাহিত করতে হবে। তিনি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে মেধাস্বত্ব নিয়ে প্রতিযোগিতার আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবকদের রাষ্ট্রীয়ভাবে পুরস্কৃত করার প্রস্তাব দেন।

শিক্ষামন্ত্রী উদ্বেগ প্রকাশ করে বলেন, আমাদের মেধাবীদের বড় একটি অংশ দেশের বাইরে চলে যাচ্ছে। এই 'ব্রেন ড্রেইন'

● পৃষ্ঠা ২ কলাম ৩

প্রার্থিতা ফিরে পেতে

আপিল করলেন এনসিপির মনিরা শারমিন

নিজস্ব প্রতিবেদক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জামায়াত জোটের প্রার্থী ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেত্রী মনিরা শারমিন তাঁর মনোনয়নপত্র বাতিল করে দেওয়া রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে নির্বাচন কমিশনে (ইসি) আপিল করেছেন। গতকাল রোববার নির্বাচন ভবনে ইসির কাছে তিনি এই আপিল করেন।

মনিরা শারমিন বলেন, 'আমি আপিল করেছি। আজ

● পৃষ্ঠা ২ কলাম ৪

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ নম এহসানুল হক মিলন গতকাল ঢাকা আগারগাঁওয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মেলনকক্ষে 'বিশ্ব মেধাস্বত্ব দিবস-২০২৬' উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন

–আমার বার্তা

বিএনপি থেকে বহিষ্কৃত

ইসহাক সরকার ঢাকা মহানগর এনসিপির আহ্বায়ক

নিজস্ব প্রতিবেদক

বিএনপির বহিষ্কৃত নেতা ইসহাক সরকারকে আহ্বায়ক করে ঢাকা মহানগর শাখার কমিটি ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। কমিটিতে সদস্যসচিবের দায়িত্ব পেয়েছেন ইঞ্জিনিয়ার এস এম শাহরিয়ার।

গতকাল রোববার এনসিপির সদস্যসচিব আখতার হোসেন ও মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়ার সই করা এক বিজ্ঞপ্তিতে এ কমিটি ঘোষণা করা হয়।

● পৃষ্ঠা ২ কলাম ৪

হেলথ টিপস্



সুস্থভাবে হজ পালন: মাংসপেশী ও অস্থিসন্ধির ব্যথা প্রতিরোধ

ডা. এম ইয়াছিন আলী

হজ একটি অত্যন্ত পবিত্র ইবাদত, তবে এর সাথে জড়িত থাকে দীর্ঘ সময় হাঁটা, ভিড়ের মধ্যে চলাচল, দাঁড়িয়ে থাকা এবং শারীরিক পরিশ্রম। বিশেষ করে অনেক হাজী মাসল ও জয়েন্ট পেইন (গঁংপঁষড়ংশবষবঃধষ ঢ়ধরহ)ড় যেমন কোমর ব্যথা, হাঁটু ব্যথা, পায়ের গোড়ালির ব্যথাড়এ ভোগেন। একজন ফিজিওথেরাপি বিশেষজ্ঞ হিসেবে সুস্থভাবে হজ পালনের জন্য কিছু গুরুত্বপূর্ণ প্রতিরোধমূলক পরামর্শ নিচে তুলে ধরা হলো।

প্রথমত, হজের আগে শারীরিক প্রস্তুতি অত্যন্ত জরুরি। প্রতিদিন অন্তত ২০-৩০ মিনিট হাঁটার অভ্যাস গড়ে তুলতে হবে। এতে পায়ের মাংসপেশী ও জয়েন্ট শক্তিশালী হয় এবং হঠাৎ অতিরিক্ত চাপ পড়লে ব্যথা কম হয়। পাশাপাশি হালকা স্ট্রেচিং ব্যায়াম, বিশেষ করে কাফ মাসল, হ্যামস্ট্রিং ও লোয়ার ব্যাক স্ট্রেচ করলে শরীর নমনীয় থাকে।

দ্বিতীয়ত, সঠিক জুতা নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। নরম, আরামদায়ক এবং সাপোর্টিভ স্যান্ডেল বা জুতা ব্যবহার করা উচিত, যাতে পায়ের আর্চ সাপোর্ট থাকে। নতুন জুতা সরাসরি হজে ব্যবহার না করে আগে থেকে পরে অভ্যস্ত হয়ে নেওয়া

● পৃষ্ঠা ২ কলাম ৪

সাগর-রুনি খুনে ১২ বছর ৮ মাস ২১ দিন ধরে তদন্ত হয়েছে –অ্যাটর্নি জেনারেল

নিজস্ব প্রতিবেদক

সাংবাদিক দম্পতি সাগর সারওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্তে থানা, ডিবি এবং র‍্যাব মিলিয়ে ১২ বছর আট মাস ২১ দিন ধরে তদন্ত হয়েছে বলে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল। গতকাল রোববার নিজ কার্যালয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। এর আগে মামলাটির তদন্তে টাস্কফোর্সকে আরও ছয় মাস সময় দিয়েছেন হাইকোর্ট। রাষ্ট্রপক্ষের আবেদনে বিচারপতি ফাতেমা নজীব ও বিচারপতি এএফএম সাইফুল করিমের হাইকোর্ট বেঞ্চ রোববার এ আদেশ দেন।

আদালতে রাষ্ট্রপক্ষে অ্যাটর্নি জেনারেল মো. রুহুল কুদ্দুস কাজল এবং বাদীপক্ষে জ্যেষ্ঠ আইনজীবী শিশির মনির শুনানি করেন। রিটকারীর পক্ষে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী মনজিল মোরসেদ।

অ্যাটর্নি জেনারেল বলেন, মামলাটি প্রথমে থানা চার দিন, এরপর ডিবি দুই মাস দুই দিন তদন্ত করে। পরে র‍্যাব দীর্ঘ

● পৃষ্ঠা ২ কলাম ৪

হাফেজ্জী হুজুরের স্মৃতি সংরক্ষণে সড়ক উদ্বোধন করলেন ডিএসসিসি প্রশাসক

নিজস্ব প্রতিবেদক

গতকাল রাজধানীর বঙ্গবাজার-গুলিস্তান সড়ককে 'মুহাম্মাদুল্লাহ হাফেজ্জী হুজুর সড়ক' নামে নামকরণের উদ্বোধন করেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম

–আমার বার্তা

রাজধানীর ঐতিহাসিক ও ব্যস্ততম এলাকার একটি গুরুত্বপূর্ণ সড়কের নাম পরিবর্তনের মাধ্যমে প্রখ্যাত ধর্মীয় ব্যক্তিত্ব আল্লামা মুহাম্মাদুল্লাহ হাফেজ্জী হুজুরের স্মৃতি সংরক্ষণে নতুন উদ্যোগ গ্রহণ করেছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)।

গতকাল রোববার এক আনুষ্ঠানিক আয়োজনের মধ্য দিয়ে 'মুহাম্মাদুল্লাহ হাফেজ্জী হুজুর সড়ক'-এর শুভ উদ্বোধন করেন ডিএসসিসির

● পৃষ্ঠা ২ কলাম ৪

চড় মারা সেই কলেজ প্রদর্শক বরখাস্ত

রাজশাহী প্রতিনিধি

রাজশাহীর দুর্গাপুরের দাওকান্দি সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের স্থানীয় বিএনপি নেতার জুতাপেটার শিকার আলোচিত শিক্ষিকা আলেয়া খাতুন হীরাকে সাময়িক বরখাস্ত করেছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল।

গতকাল রোববার দুপুরে কলেজটি পরিদর্শন শেষে বিষয়টি নিশ্চিত করেন রাজশাহী আঞ্চলিক মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পরিচালক প্রফেসর মোহা. আছাদুজ্জামান।

● পৃষ্ঠা ২ কলাম ৫

পঞ্চগড়ে পেট্রোল পাম্পে ইউএনওর ওপর হামলার ঘটনায় ৩০০ জনের নামে মামলা

নিজস্ব প্রতিবেদক

পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলায় গত শনিবার পেট্রোল পাম্পে (ফিলিং স্টেশন) দায়িত্ব পালনকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সবুজ কুমার বসাকের ওপর হামলার ঘটনায় ২৫ জনের নাম উল্লেখ করে মামলা করা হয়েছে। মামলায় ২০০ থেকে ৩০০ জন অজ্ঞাত ব্যক্তিকে আসামি করা হয়েছে। গত শনিবার রাতে দেবীগঞ্জ থানায় বাদী হয়ে মামলাটি করেন উপজেলা প্রশাসনের পেশকার সিরাজুল ইসলাম। মামলার বিষয়টি নিশ্চিত করেছেন দেবীগঞ্জ থানার ওসি সেলিম মালিক।

তিনি বলেন, মামলার পর থেকে আসামিদের গ্রেপ্তারে অভিযান চলছে। এর আগে, গত শনিবার পেট্রোল সরবরাহের বিষয়টি জানতে পেরে ভোর থেকেই পাম্পে মোটরসাইকেলের লাইন দীর্ঘ হতে থাকে। বেলা সাড়ে ১২টায় তেল সরবরাহ কার্যক্রম পরিদর্শনের জন্য ওই পাম্পে যান ইউএনও সবুজ কুমার বসাক। ঘটনাস্থলে

● পৃষ্ঠা ২ কলাম ৫

সম্পাদক : মোঃ জসিম উদ্দিন। নির্বাহী সম্পাদক : আবু বকর সিদ্দিক। সম্পাদক কর্তৃক প্রকাশিত বিএস প্রিন্টিং প্রেস ৫২/২ টয়েনবি সার্কুলার রোড, সূত্রাপুর, ঢাকা থেকে মুদ্রিত, **প্রধান কার্যালয় :** সায়হাম স্কাইভিউ টাওয়ার (৯ম তলা), ৪৫ বিজয় নগর, ঢাকা-১০০০, ফোন : ৮৩৯২৬৬১, ৮৩৯২৬৬২, বিজ্ঞাপন বিভাগ : ৮৩৯২৬৬৫, মফস্বল : ৮৩৯২৬৬৪, ই-মেইল : dailyamarbarta@gmail.com, adamarbarta@gmail.com